গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া

নং- কুসক-২০২৫/ ৮৬ তারিখঃ ২০/০৩/২০২৫

# ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এ কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণের কার্যক্রম নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

## আবেদন ফরম পূরণের তারিখঃ ২০/০৩/২০২৫ থেকে ১০/০৪/২০২৫ খ্রি. পর্যন্ত

**আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**

০১. আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Masters tab-এ গিয়ে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক পর্যায়ের পরীক্ষার রোল নম্বর, রেজিষ্টেশন নম্বর, পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তিযোগ্য (Eligble) বিষয় দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিযোগ্য বিষয়ের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দ নির্ধারণ করতে পারবে। কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্যছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা (Select) করবে।

২। **আবেদন ফরম সংগ্রহ ও জমাদানঃ-**

ক) (www.nu.ac.bd/admissions) ওয়েব সাইট গিয়ে আবেদন করতে হবে।

খ) আবেদন ফরম পূরণের পর শিক্ষার্থীরা আবেদন ফরমটি নিজের কাছে সংরক্ষণ করবে। **(কলেজে জমা দেয়ার প্রয়োজন নেই)**

গ) অনালাইনে আবেদন ফরম পূরণের পর **https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর "National University Fees" মেন্যু থেকে "Application Fee" অপশনে প্রবেশ করে ৩০০/- (তিনশত) টাকা প্রদান করে ফি পরিশোধ করতে হবে।**

ঘ) আবেদন ফিস বাবদ ৩০০/- পরিশোধ না করা পর্যন্ত কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন হবে না।

৩। **আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নূন্যতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নূন্যতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নূন্যতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। **তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।**

গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসংগত, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

*** ফরমের নিশ্চয়ন সংক্রান্ত কোন জটিলতা হলে ফরম ও টাকা জমার প্রমাণপত্রসহ আগামী ১০/০৪/২০২৫খ্রি. তারিখের মধ্যে কমিটির সাথে যোগাযোগ করতে হবে।**

৪। মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামের কোর্স ও বিষয়সমূহঃ

**ক) এমএ**-বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা।

**খ) এমএসএস**-রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান।

**গ) এমএসসি**- পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, প্রাণিবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ, উদ্ভিদবিজ্ঞান।

**ঘ) এমবিএ**- হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা।

**বিঃ দ্রঃ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।**

২০/৩/২৫

(প্রফেসর মোল্লা মোঃ রুহুল আমীন)
আই.ডি. নং- ০০০০৫৩২৪
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

২০/০৩/২৫

**কপি বিতরণঃ-**

১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
২। সম্মানিত বিভাগীয় প্রধান, সকল মাস্টার্স বিভাগ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৩। আহবায়ক, মাষ্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি-২০২২-২০২৩, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৫। হিসাব রক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৬। ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৭। অফিস সহকারী, মাস্টার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৮। সংরক্ষণ নথি।